

২২/০৭/২০ ইং রোজ বুধবার বেলা ১১.৩০ ঘটিকার সময় শাহরাস্তি উপজেলার মাননীয় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব আহসান উল্ল্যাহ চৌধুরী মহোদয়ের আহবানে উপজেলার কলেজ ও মাদ্রাসার প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয়ে এক মতবিনিময় সভা জুমের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। এতে অংশ নিয়ে গুরুত্বপূর্ণ মতামত প্রকাশ করেন শাহরাস্তি উপজেলার বিভিন্ন কলেজ ও মাদরাসার প্রধান শিক্ষক/ প্রিন্সিপাল মহোদয়গণ। দীর্ঘদিন পর একে অন্যকে ভারুয়ালভাবে দেখার সুযোগ পাওয়ায় শিক্ষা অফিসার মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানানো হয় । শিক্ষা অফিসার জনাব আহসান উল্ল্যাহ চৌধুরী সংসদ টেলিভিশন, Chandpur online school এর পাশাপাশি Shahrasti Online School কার্যক্রম অব্যাহত রাখার জন্য সবাইকে আহবান জানান এবং Shahrasti Online School এ ক্লাস দেয়ার জন্য সবাইকে অনুরোধ করেন । সবাইকে Shahrasti Online School এ লাইক দিয়ে ক্লাস শেয়ার করে শিক্ষার্থীদের কাছে পৌছে দেয়ার আহবান জানানো হয় । Shahrasti Online School পেইজের লিংক- <https://web.facebook.com/Shahrasti-Online-School-108221357610658>

এত সুন্দর একটি মিটিং এর আয়োজন করায় শাহরাস্তি উপজেলার মাননীয় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব আহসান উল্ল্যাহ চৌধুরী মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। আমরা কাঁধে কাঁধ মিলিয়ে শাহরাস্তি তথা চাঁদপুরের শিক্ষাকে এগিয়ে নিতে অঙ্গিকারবদ্ধ ।